Grow up your Business
9062867921

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

এই যুগ
EI YUG

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা-4 [PRICE | মূল্য-2]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 28 NOVEMBER 2026,SATURDAY | ২৮ নভেম্বর ২০২৬,শনিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-348

ডাউনলোড "এই যুগ অ্যাপ"
এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"

দুর্গাপুরে বিশেষ প্রশাসনিক বৈঠক করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী



নিজস্ব সংবাদদাতা,এই যুগ,পশ্চিম বর্ধমান ,২৭ নভেম্বর : আজ দুর্গাপুরের সৃজনী প্রেক্ষাগৃহে মাননীয় মুখ্যমন্ত্রী শ্রী শুভেন্দু অধিকারীর উপস্থিতিতে একটি বিশেষ গুরুত্বপূর্ণ প্রশাসনিক বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে উপস্থিত ছিলেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল সহ একাধিক মন্ত্রী, এ ছাড়াও ছিলেন চিফ সেক্রেটারি মনোজ কুমার আগরওয়াল। বৈঠক শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে মুখ্যমন্ত্রী জানান বৈঠকে দুর্গাপুরের সামগ্রিক উন্নয়ন ,নাগরিক পরিষেবা, পরিকাঠামো ,শিল্প ও কর্মসংস্থান এবং বিভিন্ন জনস্বার্থমূলক বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে ।ভারত সরকার ও রাজ্য সরকারের সব সংস্থা হাতে হাত মিলিয়ে এখানে কাজ করা হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এছাড়াও তিনি বলেন,"পরিবেশের স্বার্থে সবুজায়নের উপর বিশেষ গুরুত্ব দেওয়া হবে।দুর্গাপুর বা আসানসোলে একটি অত্যাধুনিকউন্নতমানের হাসপাতাল তৈরি করা হবে যেখানে রাজ্য সরকারি তহবিল থেকে এক কোটি টাকা দেওয়া হবে"।

পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগমের উদ্যোগে আয়োজিত ম্যানেজার্স মিটিংয়ে উপস্থিত পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ



নিজস্ব সংবাদদাতা,এই যুগ ,কলকাতা,২৭ নভেম্বর : পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগমের উদ্যোগে শুক্রবার কলকাতায় অনুষ্ঠিত হলো ম্যানেজার্স মিটিং। এদিনের মিটিংয়ে উপস্থিত ছিলেন রাজ্যের পর্যটন ও সংসদ বিষয়ক মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ। উপস্থিত পর্যটন নিগমের বিভিন্ন স্তরের ম্যানেজার ও আধিকারিকগন এর সাথে বিভিন্ন বিষয়ে মত বিনিময় হয় পর্যটন মন্ত্রীর বলে জানা গেছে। পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ জানান রাজ্যের পর্যটন শিল্পকে আরও সুসংগঠিত, আধুনিক ও জনমুখী করে তোলার ক্ষেত্রে পর্যটন নিগম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। পর্যটন পরিকাঠামোর উন্নয়ন,পর্যটন কেন্দ্র গুলির পরিষেবা আরও উন্নত করা এবং পর্যটকদের কাছে পশ্চিমবঙ্গকে আরও আকর্ষণীয় গন্তব্য হিসাবে তুলে ধরার লক্ষ্যে সকলকে দায়িত্বশীল ও সমন্বিতভাবে কাজ করার আহবান জানান পর্যটন মন্ত্রী। তিনি বলেন পশ্চিমবঙ্গের পর্যটন সম্ভাবনাকে আরও নতুন উচ্চতায় পৌঁছে দিয়ে রাজ্যের অর্থনীতি ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করাই লক্ষ্য।

উদ্ধার ২৮৫ গ্রাম ব্রাউন সুগার ,গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২৭ নভেম্বর : শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের অধীন বাগডোগরা থানার পুলিশ ও শিলিগুড়ি পুলিশের স্পেশাল অপারেশন গ্রুপ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে শনিবার বিকালে বাগডোগরা থানা এলাকায় একটি যৌথ অভিযান চালিয়ে এক সন্দেহভাজন ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় দুশো পচাশি গ্রাম ব্রাউন সুগার ও একটি মোবাইল ফোন। উদ্ধার করা সামগ্রী বাজেয়াপ্ত করে আটক ব্যক্তিকে গ্রেপ্তার করে পুলিশ। আটক, তল্লাশী, উদ্ধার, বাজেয়াপ্ত ও গ্রেপ্তারি প্রক্রিয়া এন ডি পি এস আইনের নির্দেশিকা কঠোরভাবে মেনে সম্পন্ন করা হয়েছে। জানা গেছে ধৃত ব্যক্তির নাম জান্নাত হোসেন (৪৬),সে মালদহ জেলার বাসিন্দা। ধৃতের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে আদালতে পাঠানো হয়েছে। পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।

গঙ্গাসাগর মেলার প্রস্তুতি ও সার্বিক ব্যবস্থাপনা নিয়ে বৈঠকে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,দক্ষিন চব্বিশ পরগনা ,২৭ নভেম্বর : দক্ষিন চব্বিশ পরগনার জেলাশাসক কার্যালয়ে শুক্রবার মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নেতৃত্বে অনুষ্ঠিত হলো গঙ্গাসাগর মেলা বিষয়ক বৈঠক। জানা গেছে এদিনের বৈঠকে রাজ্যের অন্যতম বৃহৎ মেলা গঙ্গাসাগর মেলার প্রস্তুতি,সার্বিক ব্যবস্থাপনা সহ বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা হয়। মেলায় আগত পুণ্যার্থীদের নিরাপত্তার বিষয়টি বিশেষ গুরুত্ব সহকারে আলোচিত হয়েছে। মুখ্যমন্ত্রী জানান এই মেলা পশ্চিমবঙ্গের গৌরব,এই গৌরব যাতে অক্ষুন্ন থাকে সেদিকে দৃষ্টি রেখে সমস্ত ব্যবস্থাপনা আয়োজিত হবে। মেলায় নিরাপত্তা ও অন্যান্য আনুষঙ্গক ব্যবস্থার ক্ষেত্রে কোন রকম গাফিলতি বরদাস্ত করা হবেনা। উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যসচিব মনোজ আগরওয়াল , রাজ্য প্রশাসনের অন্যান্য শীর্ষ আধিকারিকগন সহ সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের আধিকারিকগন।

বাজারে পুলিশ-প্রশাসনের বিশেষ অভিযান ,খতিয়ে দেখা হলো নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম ও স্বাস্থ্যবিধি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ নভেম্বর : নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর মূল্যবৃদ্ধি রুখতে এবং বাজারে সঠিক মূল্য ও স্বাস্থ্যবিধি বজায় রাখতে আলিপুরদুয়ার জেলার বিভিন্ন বাজারে বিশেষ অভিযানে নামল পুলিশ ও প্রশাসন। শুক্রবার আলিপুরদুয়ার জেলার কালচিনিতে পশ্চিমবঙ্গ সরকারের নির্দেশে বিভিন্ন দফতরের আধিকারিকদের নিয়ে যৌথভাবে এই অভিযান চালানো হয়। বাজারের একাধিক পাইকারি ও খুচরো দোকানে গিয়ে পণ্যের দাম, দোকানের পরিচ্ছন্নতা, লাইসেন্স, বিক্রির বিল এবং ওজন-মাপের যন্ত্র পরীক্ষা করেন আধিকারিকরা।প্রশাসন সূত্রে জানা গিয়েছে, সর্ষের তেল, চিনি-সহ বিভিন্ন নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর দাম বৃদ্ধির বিষয়টি সামনে আসার পরেই এই বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে। জেলা এনফোর্সমেন্ট ব্রাঞ্চ, জেলা পুলিশ, ফুড সেফটি, সিভিল বিভাগ, ম্যাজিস্ট্রেট, লিগ্যাল মেট্রোলজি এবং এগ্রিকালচার মার্কেটিং বিভাগের প্রতিনিধিদের নিয়ে গঠিত যৌথ দল এদিন কালচিনি বাজারে অভিযান চালায়।অভিযানের মূল লক্ষ্য ছিল পাইকারি ও খুচরো বাজারে পণ্যের দামের মধ্যে অস্বাভাবিক পার্থক্য রয়েছে কি না, তা খতিয়ে দেখা। পাশাপাশি দোকানদারদের অতিরিক্ত মুনাফা না করে কম লাভে পণ্য বিক্রির পরামর্শ দেওয়া হয়, যাতে সাধারণ ক্রেতারা ন্যায্য দামে নিত্যপ্রয়োজনীয় সামগ্রী কিনতে পারেন।আলিপুরদুয়ার জেলা পুলিশের ডিএসপি চন্দ্রা বিশ্বাস জানান, মুখ্যমন্ত্রী ও রাজ্য সরকারের নির্দেশে এই অভিযান চলছে। তিনি বলেন, আপাতত দোকানদারদের সচেতন করা হচ্ছে। এখনও পর্যন্ত বড় ধরনের কোনও অনিয়ম নজরে আসেনি। তবে স্বাস্থ্যবিধি, লাইসেন্স ও অন্যান্য নিয়ম মেনে ব্যবসা করার বিষয়ে সতর্ক করা হয়েছে। ভবিষ্যতেও নিয়ম লঙ্ঘনের ঘটনা সামনে এলে প্রয়োজনীয় আইনি ব্যবস্থা নেওয়া হবে। সাধারণ মানুষের স্বার্থে আগামী দিনেও জেলার বিভিন্ন বাজারে এই ধরনের অভিযান চলবে বলে প্রশাসনের তরফে জানানো হয়েছে।

চা শ্রমিকদের পিএফ সমস্যা সমাধানে বিশেষ শিবির ,উপকৃত বহু শ্রমিক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ নভেম্বর : চা বাগানের শ্রমিকদের প্রভিডেন্ট ফান্ড (পিএফ) সংক্রান্ত বিভিন্ন সমস্যা সমাধানের লক্ষ্যে বিশেষ শিবিরের আয়োজন করা হল। শুক্রবার কালচিনি চা বাগান এলাকায় আয়োজিত এই শিবিরে উপস্থিত ছিলেন কালচিনির বিধায়ক তথা স্বরাষ্ট্র দফতরের প্রতিমন্ত্রী বিশাল লামা। শিবিরে পিএফ দফতরের আধিকারিক ও কর্মীরা উপস্থিত থেকে শ্রমিকদের বিভিন্ন সমস্যার সমাধানে উদ্যোগী হন।এদিন বিশাল লামা জানান, চা বাগান এলাকার শ্রমিকদের পিএফ নিয়ে দীর্ঘদিনের নানা সমস্যা রয়েছে। বিশেষ করে অবসর গ্রহণের পর পেনশন পেতে সমস্যা, পিএফ অ্যাকাউন্টে নামের ভুল সংশোধন-সহ একাধিক সমস্যার সম্মুখীন হতে হয় শ্রমিকদের। সেই সমস্ত সমস্যা সমাধানের লক্ষ্যেই চা বাগান এলাকায় এই বিশেষ শিবিরের আয়োজন করা হয়েছে। তিনি বলেন, পিএফ সংক্রান্ত কাজের জন্য শ্রমিকদের জলপাইগুড়িতে যেতে হয়। প্রত্যন্ত চা বাগান এলাকা থেকে জলপাইগুড়ি যাওয়া শ্রমিকদের কাছে যথেষ্ট কষ্টসাধ্য। অনেক সময় যাতায়াতের কারণে তাঁদের সমস্যায় পড়তে হয়। তাই শ্রমিকদের ভোগান্তি কমাতে তাঁদের এলাকাতেই পিএফ দফতরের পরিষেবা পৌঁছে দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। এদিনের শিবিরে রায়মাটাং ও কালচিনি এলাকার বহু চা শ্রমিক অংশগ্রহণ করেন। পিএফ সংক্রান্ত বিভিন্ন সমস্যা নিয়ে তাঁরা আধিকারিকদের সঙ্গে কথা বলেন। শিবিরের মাধ্যমে শ্রমিকদের একাংশ সরাসরি নিজেদের সমস্যার কথা জানিয়ে প্রয়োজনীয় সহযোগিতা পান।

শামুকতলায় এগ্রিকালচার মেগা ক্রেডিট ক্যাম্প ,৫৮ কোটি ৮০ লক্ষ টাকার ঋণ বিতরণ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ নভেম্বর : কৃষি ও কৃষিভিত্তিক উদ্যোগের প্রসার এবং গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করতে শামুকতলায় আয়োজিত হল অ্যাগ্রিকালচার মেগা ক্রেডিট আউটরিচ ক্যাম্প। সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার উদ্যোগে এই শিবিরে মোট ৫৮ কোটি ৮০ লক্ষ টাকার ঋণ বিতরণ করা হয়।শিবিরে ব্যাঙ্কের বিভিন্ন ঋণ প্রকল্পের সুযোগ-সুবিধা তুলে ধরা হয়। এর মধ্যে ছিল সেন্ট এসএইচজি, সেন্ট ফার্ম মেশিনারি, সেন্ট পোলট্রি, সেন্ট নারীশক্তি, প্রধানমন্ত্রী ফর্মালাইজেশন অফ মাইক্রো ফুড প্রসেসিং এন্টারপ্রাইজেস (PMFME) এবং সেন্ট গোল্ড লোন প্রকল্প। কৃষির আধুনিকীকরণ, যন্ত্রপাতি কেনা, পোলট্রি খামার, স্বনির্ভর গোষ্ঠীর সহায়তা ও ক্ষুদ্র খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের প্রসারে এই প্রকল্পগুলির ভূমিকা নিয়ে আলোচনা হয়।ঋণের পাশাপাশি সামাজিক সুরক্ষা প্রকল্প, উদ্যম রেজিস্ট্রেশন এবং আর্থিক সাক্ষরতা নিয়েও সচেতন করা হয়।এদিন প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বিমা যোজনার দাবির চেক মৃত বিমাগ্রহীতার নমিনি মিসেস জিনিয়া সাংমার হাতে তুলে দেওয়া হয়।উপস্থিত ছিলেন কোচবিহার রিজিয়নের রিজিওনাল হেড কৃষ্ণ মাধব, আলিপুরদুয়ার-২ ব্লকের WDO প্রবা সরকার, LDM লিপিকা রায়, ডেপুটি রিজিওনাল হেড বিক্রম বিশ্বকর্মা ও DRDC-র মানিক সরোয়ার।

রেলের উচ্ছেদ নিয়ে ডিআরএম কে ডেপুটেশন সিপিআইএমের



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ নভেম্বর : পুনর্বাসন ও ক্ষতিপূরণ নিশ্চিত না করে রেলের জমি থেকে কাউকে উচ্ছেদ করা চলবে না। ছয় দফা দাবি সামনে রেখে রেল প্রশাসনকে কড়া বার্তা দিলেন সিপিএমের আলিপুরদুয়ার জেলা নেতৃত্বরা। শুক্রবার আলিপুরদুয়ার জংশনে রেলের উচ্ছেদ এর বিরুদ্ধে সিপিএমের তরফে ডিআরএম কার্যালয়ে একাধিক দাবিতে স্মারকলিপি দেওয়া হয়। সিপিএম নেতৃত্বদের দাবি, উচ্ছেদের আগে উন্নয়ন প্রকল্পের বিস্তারিত পরিকল্পনা, জমির হিসাব এবং পরিত্যক্ত রেলের জমির ব্যবহার প্রকাশ্যে আনতে হবে। সংবিধান ও আদালতের নির্দেশ মেনেই পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। প্রকৃত ক্ষতিগ্রস্ত দোকানদার, বাসিন্দা ও ক্লাব কর্তৃপক্ষের সঙ্গে ডিআরএম এবং রেল বোর্ডকে সরাসরি আলোচনা করতে হবে, কোনও মধ্যস্থতাকারী নয়। ডিআরএম-কেই উচ্ছেদ স্থগিতের ঘোষণা দিতে হবে বলেও দাবি তাদের।

এই যুগ কাগজের নৌকা

28 NOVEMBER 2026 ,শনিবার

খোকা ও দাদুর ফেসবুক

সুশান্ত কুমার দে



ছিপছিপে গড়ন, হলুদ গায়ের বরণ,
হিপহপ ভেঁপু বাজে খোকার দু'চরণ।
এই বুঝি ছুঁই- ছুঁই, বয়স তার হবে দুই,
হাঁটি- হাঁটি পা -পা চেয়ে দেখে চড়ুই!
বাহবা বাহবা! পা পিছলে খোকার পা,
উঠোনে পড়ে - উঠে, খায় কতক ঘা!
কাক বলল আহা! পুষি দেয় বাহবা!
পুষি কেন খুশি হয়, দুঃখে খোকার হা!
কচিকাঁচা হাত -পা, চাঁদ মুখে হাসিটা,
জোরসে টেনে ধরে পুষির ওই লেজটা।
ধুর ছাই মা আয়! দুধ -ভাত পুষি চায়?
মা বললেন, খোকাকে- হাঁড়িতে ভাত নাই!
কাঁচুমাচু খোকার মুখ, ধড়ফড় করে বুক,
দাদু তা ছবি তুলে ছড়িয়ে দেন ফেসবুক।
হা হা পড়ে কমেন্ট, খোকাকে কেন জয়েন্ট?
"ওমা, ফোনে দেখ, ভিউ হল কত পয়েন্ট?



তৃষ্ণার্ত পরাণ

মোঃ রহমত আলী
(খুলনা ,বাংলাদেশ)



যতটা আলোকিত রাত,
ততটাই আঁধারে চাঁদ;
তারাগুলো নিভু নিভু,
জ্বলে আছে জোনাক।
যতটা ছায়া দুঃখের বাদল,
ততটাও সুখ নহে আপন;
খুশিতে ধুঁয়ে যায় কাজল
আনন্দ অশ্রুতে হাসে মন।
যতটা জলে ডোবা প্রাণ,
ততটাই তৃষ্ণায় মরে পরাণ;
তবু পিপাসায় কাতর নয়ন,
হায় মোহনায় জ্যোৎস্নার মরণ।।

চির প্রস্থান

ফারুক আহম্মেদ জীবন
(যশোর ,বাংলাদেশ)

একদিন, এ বুকে নিয়ে ক্ষত
চির জনমের মতো....
এ ভবকূল থেকে নেব আমি প্রস্থান,
সেদিন, তোমায় নিয়ে লিখব না আর কবিতা
গাইব না আর কোন গান...
কখনো, বলবো না তুমি আমার ভালোবাসা
তুমি প্রিয়া আমার জান।।
সেদিন আর, ভালোবাসার মায়াতে
চাইব না জড়াতে...
সেদিন আর, তোমায় চাইব না ভালোবেসে
কখনো কাছে পেতে।।
যেদিন, এ দেহের নিঃশ্বাস ফুরিয়ে যাবে
আমার, বেরিয়ে যাবে প্রাণ।।
যেদিন আমার, বন্ধ হবে দু, আঁখি
যতই করো ডাকাডাকি....
সেদিন, তোমার সে ডাক কর্ণগোচর হবে না
মেলবে না তো আঁখি।।
চিরদিনের জন্য, ফাঁকি দিয়ে চলে যাব...
ভাঙ্গাতে পারবে না অভিমান।।



অশ্রুভেজা মায়ায় বন্ধন



বাপী নাগ
(নদীয়া ,পশ্চিমবঙ্গ)

কী অদ্ভুত এই মায়ার বাঁধন
তবু কেন ক্রন্দন।
হাসির আড়ালেই অশ্রু ঝরে
স্মৃতি হৃদয়ে পোড়ে।
কতো স্বপ্ন ছিল এই জীবনে
হারালো ক্ষণে ক্ষণে।
যাকে ভেবেছি মনে'র ছায়া
সেই আমার মায়া।
নীরব এ আঁধারে অশ্রু ঝরে
অভিমান এ অন্তরে।
তোমার দেওয়া শত আশায়
হৃদয় নীরবে কাঁদায়।
রয়েছো তুমি এই হৃদয় ভরে
আমায় আপন করে।
তবুও আজ তুমি গেলে দূরে
মায়া রইল অন্তঃপুরে।
ভুলবো না যে তোমায় আমি
মনেতে তুমিই দামি।
এ জীবনে শুধু দুঃখের ছায়া
কাঁদায় আমার মায়া।।

[লেখা পাঠানোর ঠিকানা-eiyugkagojernouka@gmail.com]

সিকিমে টানেল দুর্ঘটনায় মৃত বিবেক দাসের পরিবারের হাতে ৫ লক্ষ টাকার আর্থিক সাহায্য তুলে দিলেন মন্ত্রী বিশাল লামা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ নভেম্বর : সিকিমে টানেলের কাজ করতে গিয়ে দুর্ঘটনায় প্রাণ হারিয়েছিলেন জয়গাঁও সুভাষপল্লীর বাসিন্দা বিবেক দাস। তাঁর পরিবারের পাশে দাঁড়িয়ে রাজ্য সরকারের পক্ষ থেকে ৫ লক্ষ টাকার আর্থিক সাহায্য প্রদান করা হল। শুক্রবার নিহতের পরিবারের হাতে আর্থিক সাহায্যের চেক তুলে দেন রাজ্যের স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী বিশাল লামা। এ সময় তাঁর সঙ্গে উপস্থিত ছিলেন আলিপুরদুয়ারের মহকুমা শাসক-সহ জেলা প্রশাসনের আধিকারিকরা।উল্লেখ্য, গত ১৯ তারিখ সিকিমে একটি সংস্থার অধীনে টানেলের কাজ করছিলেন বিবেক দাস। কাজ চলাকালীন দুর্ঘটনায় তিনি গুরুতর জখম হন। তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন। তাঁর আকস্মিক মৃত্যুতে জয়গাঁও সুভাষপল্লী এলাকায় শোকের ছায়া নেমে আসে।এদিন মন্ত্রী বিশাল লামা ও প্রশাসনের আধিকারিকরা নিহতের বাড়িতে গিয়ে পরিবারের সদস্যদের সঙ্গে দেখা করেন এবং তাঁদের সমবেদনা জানান। এরপর রাজ্য সরকারের তরফে বরাদ্দ ৫ লক্ষ টাকার আর্থিক সাহায্যের চেক পরিবারের হাতে তুলে দেওয়া হয়।

ভুয়ো কোম্পানীর নামে ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলে সাইবার প্রতারনার টাকা লেনদেনে অভিযুক্ত মূল পান্ডাকে ধরল পুলিশ



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২৭ নভেম্বর : ভুয়ো কোম্পানীর নামে ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলে সাইবার প্রতারনার টাকা লেনদেনের অভিযোগে গ্রেপ্তার মূল চাঁই। সাইবার প্রতারনার টাকা লেনদেনের অভিযোগের তদন্তে নেমে এটি বড়ো সাফল্য শিলিগুড়ি সাইবার ক্রাইম থানার। জানা গেছে পুলিশের ন্যাশানাল সাইবার ক্রাইম পোর্টালে দায়ের হওয়া একটি অভিযোগের তদন্তে নেমে শিলিগুড়ি পুলিশের সাইবার ক্রাইম থানার পুলিশ একটি ভুয়ো কোম্পানীর হদিশ পায়। অভিযোগ ঐ কোম্পানীর নামে একাধিক অ্যাকাউন্ট খুলে সাইবার প্রতারনার টাকা লেনদেন করা হতো। এই মামলায় প্রথমে কোম্পানীর নামে নথিভুক্ত বিষ্ণু দার্নাল নামে এক জনকে গ্রেপ্তার করে। তাকে জেরা করে নাম পাওয়া যায় নকশালবাড়ির বাসিন্দা মহম্মদ মজিদুলের নাম। তাকে ও গ্রেপ্তার করে পুলিশ। এরপর মজিদুলকে জেরা করে পুলিশ জানতে পারে মূল অভিযুক্তের নাম। তাকে গ্রেপ্তার করে পুলিশ। জানা গেছে মজিদুল সকলকে টাকার লোভ দেখিয়ে ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলার জন্য মূল অভিযুক্তের কাছে পাঠাতো। মূল অভিযুক্তের নাম জয়দীপ সিনহা, শিলিগুড়ির বাবুপাড়ার বাসিন্দা। ধৃতকে শুক্রবার আদালতে পাঠালে আদালত ধৃতকে পাঁচ দিনের পুলিশ রিমান্ডের জন্য নির্দেশ দেয়। এই জয়দীপ সিনহার গ্রেপ্তার সাইবার প্রতারনার মামলায় বড়ো সাফল্য বলে মনে করছে পুলিশ।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |